৮২

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 17 AUG 1997 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৪...

# ৪ হাজার 'স্যাটেলাইট স্কুল' নির্মাণ করা হবে

শরিফুজ্জামান পিন্টু

সরকার দেশে চার হাজার স্যাটেলাইট স্কুল নির্মাণ করবে। এসব স্কুলে প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে পাঠদান করা হবে। 'সবার জন্য শিক্ষা' কর্মসূচী বাস্তবায়নের অংশ হিসাবে এ প্রকল্প হাতে নেয়া হয়েছে। এতে ব্যয় হবে প্রায় ৩২ কোটি টাকা।

জানা যায়, দু'হাজার সালের ডিসেম্বর মাসে প্রকল্পের কাজ শেষ হবে। চলতি বছরের মধ্যে ১ হাজার ৪৩টি স্যাটেলাইট স্কুল চালু করা হচ্ছে। '৯৮ সালে চালু করা হবে ১ হাজার ৪শ' ৯৭টি স্কুল। এভাবে পর্যায়ক্রমে সারা দেশে চার হাজার স্কুল চালু করা হবে। সাধারণ শিক্ষা প্রকল্পের আওতায় দু' শ' স্যাটেলাইট স্কুল চালু করার কাজ সফল হবার পর সরকার নিজস্ব অর্থে এ ধরনের প্রকল্প হাতে নিয়েছে। বিশ্বব্যাংকের সহায়তায় এই দু' শ' স্কুল চালু করা হয়েছিল। এসব স্কুলের ১শ' ৯৪টি রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় হিসাবে চালু রয়েছে। বাকি ছয়টিতে কমিউনিটি বিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। এ প্রকল্প সফল হবার পর সরকার 'চার হাজার স্যাটেলাইট বিদ্যালয় প্রতিষ্ঠা' প্রকল্প হাতে নিয়েছে। যেসব গ্রামে প্রাইমারী স্কুল নেই বা থাকলেও সেগুলো বাচ্চাদের নাগালের বাইরে সেসব গ্রামে এ ধরনের বিদ্যালয় চালু করা হবে। বিদ্যালয়ের জন্য কোন ভবন তৈরি করা হবে না। গ্রামের কোন বাড়ি ভাড়া করে সেখানে মাদুর বিছিয়ে শিশুদের বসার ব্যবস্থা করা হবে। প্রতি স্কুলে প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে পাঠদানের জন্য দু'জন মহিলা নিয়োগ দেয়া হবে। তাদের ভাতা হবে পাঁচ শ' টাকা। ছাত্রছাত্রীদের কোন বেতন দিতে হবে না। তাদেরকে বই, শ্লেট ও পেন্সিল বিনামূল্যে সরবরাহ করা হবে। দু'ক্লাসে ৪০ জন করে সর্বোচ্চ ৮০ জন শিশুকে পাঠদানের ব্যবস্থা থাকবে।

স্যাটেলাইট স্কুল সম্পর্কে প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক আজিজ আহমেদ চৌধুরী বলেন, প্রজেক্টটি সফল হলে এ ধরনের আরও প্রজেক্ট হাতে নেবার সম্ভাবনা রয়েছে। তবে তা নির্ভর করবে ভবিষ্যত চাহিদার ওপর। এক প্রশ্নের জবাবে আজিজ আহমেদ বলেন, প্রজেক্টের স্কুলগুলো যদি সফল হয় এবং পরবর্তীতে সর্বক্ষণিক স্কুল হিসাবে চালুর প্রয়োজন সৃষ্টি হয় তখন সরকার বিষয়টি বিবেচনা করবে।